





✓ সাইবার







✓ জগতে



✓ সাবধান





-  কী কী ঝুঁকি ? 1 ▶
-  নিরাপদ থাকার উপায় 12 ▶
-  সাহায্য নাও 20 ▶
-  নিজের পরীক্ষা নাও 21 ▶

রাস্তা-ঘাটে যেমন  
আমাদের সতর্ক  
থাকতে হয় ...

... ইন্টারনেটেও  
তেমন সতর্কতা  
প্রয়োজন!



টেকনোলজি আজ আমাদের  
জীবনের একটি অঙ্গ; এর  
অনেক সুবিধা আছে ...



হিহি

...আবার নানান ঝুঁকিও  
আছে বৈকি!

বিপদ এড়ানোর উপায়  
সবারই জানা দরকার



ইন্টারনেট ব্যবহার করার সময়  
আমরা প্রতিবার নিজেদের  
পদচিহ্নটি রেখে যাই





ঠিকানা



আমি কি ভালবাসি



আমার মনের  
অবস্থা

আমাদের এই তথ্য ইন্টারনেটে  
চিরকাল স্থায়ী হতে পারে!



আমার  
ব্যক্তিগত ছবি  
ও ভিডিও



আমার বন্ধুরা



আমার জন্মদিন



অপরিচিত কাউকে কি  
আমাদের এত ব্যক্তিগত  
তথ্য দেওয়া ঠিক ?



আমার পোষা প্রাণী



## শোষণের ফাঁদ

দুট্টু লোক\* প্রথমে বিশ্বাস  
জেতার চেষ্টা করে।

যেই তোমার বিশ্বাস হবে যে বিশেষ বন্ধুত্ব রয়েছে,  
তখনই তুমি ফাঁদে পা দেবে



1

ঘুষ দেওয়া

টাকা বা পয়েন্ট, উপহার  
আগ্রহ তৈরী করার জন্য



2

খোশামোদি

অনেক পছন্দ, প্রশংসা,  
'লাইক' বিশ্বাস তৈরী  
করার জন্য



3

যৌনতা মূলক খেলা

চ্যাট বা গ্রাইডেট মেসেজ  
দুর্বলতা পরীক্ষা করার জন্য

\*একটু আধটু চেনাশোনা লোকদেরও  
কৃ-মতলব থাকতে পারে!



একবার যে ফাঁদে পড়েছে  
তাকে নানান ভাবে শোষণ  
করা যেতে পারে!



4

অনুভূতি হানি

যৌনতা বা নির্যাতনের মূলক  
চিত্র দেখানো; সংবেদনশীলতা  
অবশ করার জন্য



5

মানসিক নিয়ন্ত্রণ

হুমকি বা ব্ল্যাকমেল  
বিপজ্জনক কিছু করার জন্য  
(যেমন, ক্যামেরার সামনে যৌন  
আচরণ)



6

সম্পূর্ণ নিয়ন্ত্রণ

তোমাকে দিয়ে যা ইচ্ছা  
জই করানোর ক্ষমতা



এই সব আমার সাথে কখনই হবে না!

নিশ্চয়! ঝুঁকি চিনতে পারলেই  
তুমি নিরাপদ থাকবে!





## পরিচয় চুরি

দুষ্టు লোক তোমার অনলাইন  
পরিচয় চুরি করতে পারে \*

যা তোমার নামে নানা অপরাধ করতে  
ব্যবহৃত হতে পারে ...



তোমার অ্যাকাউন্ট  
থেকে টাকা চুরি

যা বহু বছর ঋণের বোঝা হয়ে  
থাকতে পারে



মাদক বা মানুষ পাচার

যাতে তুমি তদন্তে মূল অভিযুক্ত  
হয়ে যেতে পারো



\* একটি OTP, পাসওয়ার্ড বা CVV নম্বরের  
কাউকে ফতুর করার জন্য যথেষ্ট

# হুমকি ও ট্রোলিং



অনলাইনে বার বার কাউকে  
উত্তেজিত করা



মেসেজ /পোস্টে কুকথা, হুমকি, বা  
ঘৃণাপূর্ণ কথা ব্যবহার করে



যারা এভাবে নির্যাতিত হয়, তাদের  
জন্য এটি শোষণমূলক বা প্রাণঘাতী  
হয়ে উঠতে পারে



x # % @ !





কোনো বয়স্ক ব্যক্তি নকল প্রোফাইল তৈরি করে একটি কিশোর বা কিশোরী হওয়ার ডান করে



## ক্যাটফিশিং

দুষ্టు লোক নকল পরিচয় ব্যবহার করে তোমাকে ঠকাতে পারে

এটি অনলাইনে ছদ্মবেশে থাকার মতো



তারপর সে ছোটদের সাথে সম্পর্ক শুরু করে ...

... তাদের মধ্যে কারও দুর্বলতার সুযোগ নেওয়ার অপেক্ষায় থাকে



দুষ্టు লোক তোমার টাকা বা তথ্য চুরি করার জন্য কোনো পরিচিত প্রতিষ্ঠান হওয়ার ডান করতে পারে

একেই বলে "ফিশিং"




# ডিভাইস হ্যাক



দুষ্টি লোক গোপনে তোমার  
ডিভাইসটি নিয়ন্ত্রণ করতে পারে

কিছু অ্যাপ তোমার অজান্তেই  
তোমার ক্ষতি করতে পারে



দুষ্টি লোক তোমাকে ঠকিয়ে  
ছদ্মবেশী সফটওয়্যার ইনস্টল  
করিয়ে নেয়



গোপনে সক্রিয় দুষ্টি  
সফটওয়্যারের সাহায্যে  
অপরাধীরা রিমোট কন্ট্রোল  
করতে পারে ...



... তোমাকে দেখার  
জন্য তোমার  
ক্যামেরা



... শব্দ রেকর্ড করার জন্য  
তোমার মাইক্রোফোন



তোমাকে চুপিসাড়ে অনুসরণ  
বা ব্ল্যাকমেল করার জন্য  
ব্যবহার করতে পারে!



সতর্ক থাকো  
নিরাপদ থাকো

সাধারণ ফাঁদগুলো চিনে রাখো

সতর্কতাই সেরা সুরক্ষা

অপরাধীরা বিভিন্নভাবে তোমাকে ঠকানোর চেষ্টা করতে পারে। তবে মূল পদ্ধতিগুলি চিনে নিলে তুমি ঠিক টের পাবে।

এই কোডটি স্ক্যান করলে জানতে  
পারবে...

...লোক ঠকানোর  
সাধারণ  
কৌশলগুলি



<https://cybercrime.gov.in/Webform/CrimeCatDes.aspx>

একই ফাঁদে বার বার  
পোড়া না যেন



নিজেকে সুরক্ষিত রাখো, অন্যকে  
নিরাপদে থাকতে সাহায্য কর

# নিজের গোপনীয়তা রক্ষা করো



## সেটিংসগুলো ভালোভাবে বুঝে ব্যবহার করো

কোনও পরিষেবায় ভালো গোপনীয়তা সেটিংস  
না থাকলে তা এড়িয়ে চলো



সমস্ত অ্যাকাউন্টে সর্বোচ্চ স্তরের  
গোপনীয়তা সেট করে রাখাই  
ভালো



ব্যক্তিগত তথ্য কখনও শেয়ার  
কোরো না যেমন: জন্ম তারিখ

PUBLIC



PRIVATE

### ব্যক্তিগত রাখো

দেখো, তোমার বন্ধুদের সম্পর্কেও  
বেশি তথ্য প্রকাশ করছে না তো?

কারণ বেশিরভাগ  
লোক তাদের পাসওয়ার্ডে  
জন্ম তারিখ ব্যবহার  
করে ...হা হা হা






## কম শেয়ার করো

তোমার প্রতিটি পোস্ট অজান্তেই  
অনেক কিছু প্রকাশ করে ফেলে

দুষ্টি লোক তোমার ব্যক্তিগত তথ্য নানান  
ভাবে কাজে লাগাতে পারে

ব্যক্তিগত স্টেটাস / ফটো/  
ভিডিও থেকে তুমি দিতে চাওনি  
এমন তথ্যও খুঁড়ে বার করা যায়

অপরাধীরা তোমার ছবি থেকে এমন নকল  
বানাতে পারে যা দেখে জলজ্যান্ত মনে হয়



গোপনীয়তা, সুরক্ষা, মর্যাদা ও মনে শান্তি বজায় রাখার জন্য কম শেয়ার করো



# সবাই তোমার বন্ধু নয়



কাকে 'বন্ধু' বলে যোগ করছ সে  
সম্পর্কে সতর্ক থাকো

তাদের মধ্যে এমন লোকও হয়তো  
আছে যারা সুবিধার নয়




প্রচুর বন্ধুবান্ধব থাকার  
মজা আছে; সকলকে না  
চিনলেও বা কি? আসলে  
কিন্তু অনেক ঝুঁকি!



কয়েকজনকে বাদ বা ব্লক  
করতে সংকোচ করো না



তাদেরকেই যোগ দাও  
যাদের ভাল করে চেনো



কখনই গ্রহণ করো না  
'বিনামূল্যে' টাকা / মূল্যবান কিছু  
যেমন মেসেজ / ইমেল মারফত অফারে



কাউকে দিয়ে না  
CVV / OTP নম্বর  
বন্ধুদেরও নয়



কখনই শেয়ার করো না  
নিজের ঘোঁনতা প্রকাশ করে ফটো  
বা মেসেজ

শক্তিশালী পাসওয়ার্ডের জন্য  
চাই এলোমেলো অক্ষর ও সংখ্যা

7yji2^Wx#Wc



- অক্ষর
- ছোট বা বড় হরফের মেশানো
- সংখ্যা
- বিশেষ অক্ষর
- কমপক্ষে 11 হরফ

শক্তিশালী

কিন্তু এটা মনে  
রাখবো কি করে?



আমি সবসময় একই  
পাসওয়ার্ড ব্যবহার করি!

7 y ] I 2 ^ W x # W c  
8 z \ J 3 & X y \$ X d  
9 a ; K 4 \* Y z % Y e  
0 b ' L 5 ( Z a ^ Z f

একটা থেকে গণনা করে বিকল্প বার  
করার নিজস্ব উপায় বেছে নাও



## পাসওয়ার্ড?

### সুরক্ষার সবচেয়ে গুরুত্বপূর্ণ চাবিকাঠি যত্নে রাখো

পাসওয়ার্ড সুরক্ষার দুর্বলতা আছে; যেখানে  
সম্ভব নতুন প্রযুক্তি ব্যবহার করো

### পাস-ফ্রেসেস ব্যবহার করে দেখো

কমপক্ষে 4 টি শব্দ যা এতই অবাস্তব  
যে ভোলা যায় না

gun grow toot gaya



এটা ক্র্যাক করতে সময় লাগবে 57,928 শতক

প্রতিনিয়ত সুরক্ষা টেকনোলজির উন্নতি হচ্ছে;  
আধুনিক পদ্ধতি ব্যবহার করাই ভাল



একটা শক্তিশালী পাস-  
ওয়ার্ডের আধারে বিভিন্ন  
ধরনের বিকল্প তৈরী কর

8C//BH"D~c} নতুন পাসওয়ার্ড 1

9D~:Cl,E!c নতুন ধরণ 1.1

0E!"DJ/F@d নতুন ধরণ 1.2

নতুন ধরণ 1.3

নতুন পাসওয়ার্ড 2

নতুন ধরণ 2.1

নতুন ধরণ 2.2

নতুন ধরণ 2.3

নতুন পাসওয়ার্ড 3

নতুন ধরণ 3.1

নতুন ধরণ 3.2

নতুন ধরণ 3.3

এখানে স্মরণীয় পাস-ফ্রেসেস লেখার চেষ্টা করো  
এই পৃষ্ঠাটি লুকিয়ে রেখো কিন্তু!

*kitten had me there*

*cat smudge kite hair*

*sour door queue sugar*



https://



দেখে নাও, কনেকশন  
ও ওয়েবসাইট সুরক্ষিত  
আছে তো?



# ইন্টারনেটে সতর্কতা

## বিপদের লক্ষণগুলোর উপর নজর রাখো

সত্যি না স্বপ্ন? স্বপ্ন হওয়ার সম্ভাবনাই বেশি

বিপজ্জনক সাইট থেকে দূরে থাকো



- ◀ MALWARE
- ◀ PHISHING
- ◀ UNSAFE



YOU WON  
\$1,000,000  
open attachment

কিছু খোলা/ডাউনলোড  
করার সময় সাবধান!



অ্যান্টিভাইরাস প্রোগ্রামটি  
আপ-টু-ডেট রাখো

যে কোনো ডিভাইসে কাজ সেরে সব  
অ্যাকাউন্ট থেকে লগআউট করতে ডুলো না




ট্রোল হয়েও না



ইন্টারনেট যেন অন্যদের  
জন্যও নিরাপদ থাকে

নিজে একজন ভাল নেটিজেন হও, তোমার বন্ধুদেরও  
ভদ্র নেট-নাগরিক হতে উৎসাহ দাও




ট্রোল

এমন লোক যে অন্যদের বিরক্ত  
করা বা উস্কানোর জন্য  
আক্রমণাত্মক বা উত্তেজক  
অনলাইন পোস্ট করে

কাউকে বুলি বা ট্রোল কোরো না

মিথ্যা খবর ছড়িও না



বুলিদের রিপোর্ট করে ব্লক করে দাও

সাহায্যবান ও শ্রদ্ধাশীল হও



কোনো বিশ্বস্ত প্রাপ্তবয়স্ককে বল

থানায় রিপোর্ট করো



## সাহায্য নাও

বিপদে পড়লে সাইবার  
অপরাধগুলি রিপোর্ট করো

নানা স্থানীয় ও জাতীয় সংস্থা অপরাধীদের  
বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য তৈরী



## জাতীয় হেল্পলাইন

সাইবার অপরাধের রিপোর্ট করতে ...

এই পরিষেবাগুলির সুরক্ষা তথ্য সম্পর্কে  
জানার জন্য কোডগুলি স্ক্যান করো

...শিশুরা  
বিপদে পড়লে



মহিলা / শিশুদের ক্ষেত্রে

বা সোশ্যাল মিডিয়া, জালিয়াতি,  
মুক্তিপন, হ্যাকিং, পাচার, জুয়া,  
ইত্যাদির ক্ষেত্রে

[cybercrime.gov.in](http://cybercrime.gov.in)

**155260**

9 AM to 6 PM



# নিজের পরীক্ষা নাও



এই কুইজটি করে দেখ তুমি  
কতটা নিরাপদ

পরে তোমার বন্ধুদের সাথে চেষ্টা  
করে দেখ!

1. নিজের ইউসার-নেম তৈরি করার সময়, তোমার  
উচিত...

- ক) নিজের আসল নাম ব্যবহার করা
- খ) এমন কোনো নাম ব্যবহার করা যা তোমার আসল পরিচয় প্রকাশ করে না
- গ) এমন একটি নাম ব্যবহার করা যা তোমার সম্পর্কে ভাল ধারণা দেয়

2. গোপন কোড / পাসওয়ার্ড-এর ক্ষেত্রে তোমার উচিত...

- ক) এগুলি শুধু ভাল বন্ধুগুলিকেই দেওয়া
- খ) অপরিচিত ব্যক্তিকে দেওয়া যায় যদি সে বিশ্বাসী হয়
- গ) এগুলি কেবল তোমার বাবা-মাকে দেওয়া

3. যদি কেউ অনলাইনে ব্যক্তিগত তথ্য (যেমন ফোন  
নম্বর / ঠিকানা) জিজ্ঞাসা করে তাহলে...

- ক) ভদ্রতার খাতিরে দেওয়াই ঠিক
- খ) ফেসবুকের মতো জায়গায় ছেড়ে দাও, যাতে প্রয়োজন মতো যে কেউ নিতে পারে
- গ) ব্যক্তিগত তথ্য কখনই দিও না; কে যে তার অপব্যবহার করবে তার কোন ঠিক নেই

4. অনলাইনে ব্যক্তিগত ছবি এবং সেলফি শেয়ার করা...

- ক) সুন্দর স্মৃতিগুলি জমিয়ে রাখার খুব ভাল উপায়
- খ) তোমাকে বা তোমার বন্ধুদেরকে বড় ঝুঁকিতে ফেলতে পারে
- গ) দরকার, যাতে তুমি জানতে পারো কতজন তোমার প্রশংসা করে



5. যখন অনলাইনের কোনো 'বন্ধু' তোমার সাথে  
ব্যক্তিগতভাবে দেখা করতে চায়, তোমার উচিত...

- ক) একটা প্ল্যান করে দেখা করা
- খ) তোমার মা বাবাকে জানিয়ে, এমন কোনো জায়গায় দেখা করা যেখানে লোকজন রয়েছে
- গ) শুধু অনলাইনে পরিচিত কারো সাথে কখনও সাফাং না করা, কারণ সেটা ঝুঁকিপূর্ণ

6. কোনো অচেনা লোকের থেকে মেসেজ পেলে তোমার  
উচিত...

- ক) সেটা তৎক্ষণাৎ ট্র্যাশ ফোল্ডারে ফেলে দেওয়া
- খ) ভদ্রতার খাতিরে সাড়া দেওয়া
- গ) মেসেজটি তোমার বন্ধুদের ফরোয়ার্ড করা

7. সোশ্যাল মিডিয়াতে নিজের লাইভ লোকেশন দেওয়া...

- ক) ঝুঁকিপূর্ণ ব্যবহার; তোমাকে অনুসরণ করার সুযোগ
- খ) বন্ধুদের সাথে প্ল্যান করার একটি ভাল উপায়
- গ) মানে সবরা জানা তুমি কতটা সক্রিয়





**WEST BENGAL COMMISSION FOR  
PROTECTION OF CHILD RIGHTS**



**HELP  
LINE 9836 300 300**

- +91 33 2356 0385
- wbscpcr@gmail.com
- wbcpcr.org



DEVELOPED BY  
**THOUGHTSHOP  
FOUNDATION**  
thoughtshopfoundation.org

2019